সৃজনশীল বাংলাদেশ

জেলা শিল্পকলা একাডেমি

সুনামগঞ্জ

**www.shilpakala.sunamganj.gov.bd**

# মার্চ মাসে সম্পাদিত কার্যবলী ২০২২ খ্রিস্টাব্দ

## ঐতিহাসিক ৭ মার্চ দিবস উদযাপন

জেলা প্রশাসন সুনামগঞ্জের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমির সহযোগিতায় ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে জেলা ঐতিহ্য জাদুঘর প্রাঙ্গণে সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার মো. মিজানুর রহমান বিপিএম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকির হোসেনসহ বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি পেশার অগণিত মানুষ উপস্থিত ছিল। আলোচনা সভা উত্তর সাংস্কৃতিক অনুষ্ঠানে 'আমি দাম দিয়ে কিনেছি বাংলা' শিরোনামে বৃন্দ আবৃত্তির কোলাজ উপস্থাপন করা হয়। পাশাপাশি সঙ্গীত, নৃত্য পরিবেশনাসহ শেষাংশে দেওয়ান গিয়াস চৌধুরীর রচনা ও নির্দেশনায় নাটক 'পুনরুত্থান' মঞ্চস্থ করা হয়। অনুষ্ঠানের সমন্বয়কারী ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন দেওয়ান গিয়াস চৌধুরী।

## বিভাগীয় অভিনয় কর্মশালা সুনামগঞ্জ অঞ্চল

স্বাধীনতার সুবর্নজয়ন্তী উদযাপন উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং গ্রুপ থিয়েটার ফেডারেশনের সহযোগিতায় বিভাগীয় পর্যায়ে সুনামগঞ্জ জেলায় ০৯ মার্চ হতে ১১ মার্চ তিনদিনব্যাপী অভিনয় কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করেন সুনামগঞ্জ জেলার ১২টি নাট্য সংগঠনের মোট ৩০জন অভিনয় শিল্পী। কর্মশালা পরিচালনা করেন কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের থিয়েটার স্টাডিজ বিভাগের সহকারি অধ্যাপক সৈয়দ মামুন রেজা। কর্মশালার সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী। ১১ মার্চ সমাপনী দিনে কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে সনদপত্র তুলে দেন অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি সুনামগঞ্জ তামিম আল ইয়ামীন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস

জেলা প্রশাসন সুনামগঞ্জের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমির সহযোগিতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর প্রাঙ্গনে সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে মুজিবর্ষের থিম সং তুমি বাংলার ধ্রুবতারায় নৃত্য পরিবেশন করে জেলা শিল্পকলা একাডেমির নৃত্যশিল্পীবৃন্দ। জনতার সংগ্রাম চলবেই, শোন একটি মুজিবুরের থেকে, টুঙ্গি পাড়ায় ঘুমিয়ে আছে বাঙালিদের প্রাণ, দুঃখিনী বাংলা জননী বাংলা ৮টি গান ও নৃত্য পরিবেশন করেন জেলা সদর ও উপজেলা গুণী শিশুশিল্পীবৃন্দ এবং সুনামগঞ্জ অটিস্টিক ও বুদ্ধিপ্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থীবৃন্দ ও সরকারি শিশু পরিবারের শিক্ষার্থীবৃন্দ। নাটক মঞ্চায়ন করে থিয়েটার সুনামগঞ্জ। অনুষ্ঠানের সমন্বয়কারী ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন শিশুশিল্পী ক্রিসেনথিমাম এবং দূর্বার শামিত আদি। অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার মো. মিজানুর রহমান বিপিএম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকির হোসেনসহ বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিল।

## মুক্তির উৎসব ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মেলা

জেলা প্রশাসনের আয়োজনে গত ১৭ মার্চ হতে ২৩ পর্যন্ত সাতদিনব্যাপী মুক্তির উৎসব ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মেলা আয়োজন করা হয় সুনামগঞ্জ ঐতিহ্য জাদুঘর প্রাঙ্গণে। এতে প্রতিদিনই সাংস্কৃতিক আয়োজন ছিল জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জের। জেলা শিল্পকলা একাডেমির তত্ত্বাবধানে জেলার গুণী শিল্পীবৃন্দ ও সাংস্কৃতিক সংগঠন উক্ত মেলায় অংশ গ্রহণ করে।

## স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তোরণ উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান

স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তোরণ উপলক্ষে সুনামগঞ্জ জেলা প্রশাসনের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমির সহযোগিতায় ২৪ মার্চ ২০২২ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। সাংস্কৃতিক পরিবেশনা শুরু হয় পঞ্চাশজন শিল্পীর সমবেত সঙ্গীত দিয়ে। তারা পরিবেশ করে এক সাগর রক্তের বিনিময়ে এই গানটি। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে পঞ্চাশ শিল্পী সমবেত কণ্ঠে উক্ত গানটি পরিবেশন করা হয়। জেলা কালচারাল অফিসারের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির সঙ্গীত, আবৃত্তি ও নৃত্য বিভাগের শিক্ষার্থীরা তাদের মনোজ্ঞ পরিবেশনা উপস্থাপন করে। পাশাপাশি অনুষ্ঠানে বরেণ্য শিল্পী এডভোকেট দেবদাস চৌধুরী রঞ্জনসহ জেলার গুণি শিল্পীবৃন্দ সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার মো. মিজানুর রহমান বিপিএম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকির হোসেনসহ  বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি পেশার অগণিত মানুষ উপস্থিত ছিল।

## গণহত্যা দিবস পালন

২৫ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ গণহত্যা দিবস উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে মশাল হাতে র‍্যালী করে শহর প্রদক্ষিণ করা হয় এবং তৎপরে সুনামগঞ্জ শহরস্থ পিটিআই বধ্যভূমিতে আলোক প্রজ্জ্বলন করা হয়। বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ মো. জাহাঙ্গীর হোসেন। এছাড়া আলোক প্রজ্জ্বলনে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মিজানুর রহমান বিপিএম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকির হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আনোয়ার উল হালীম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য প্রযুক্তি) তামী আল ইয়ামিন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বিজন কুমার সিংহসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ এবং বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সুনামগঞ্জ জেলার গণ্যমান্যব্যক্তিগণ, ইলেকট্রনিক ও প্রিন্টমিডিয়ার সাংবাদিকবৃন্দ। মশাল হাতে র‍্যালি ও আলোকপ্রজ্জ্বলন কর্মসূচির সমন্বয় করেন জেলা কালচারাল অফিসার সুনামগঞ্জ আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## মহান স্বাধীনতা দিবস উদযাপন

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পন ও পরে জেলা প্রশাসন, সুনামগঞ্জের আয়োজনে কুচকাওয়াজ অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। সন্ধ্যায় ৬.৩০ ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমির হাছন রাজা মিলনায়তনে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর হোসেন, পুলিশ সুপার মো. মিজানুর রহমান বিপিএম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. জাকির হোসেনসহ  বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি পেশার অগণিত মানুষ উপস্থিত ছিল। সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করা হয়। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন দেওয়ান গিয়াস চৌধুরী। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## বিশ্ব নাট্য দিবস উদযাপন

২৭ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখে বিশ্ব নাট্য দিবস উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি আনন্দ শোভাযাত্রার আয়োজন করে। আনন্দ শোভাযাত্রাটি জেলা শিল্পকলা একাডেমির প্রাঙ্গন থেকে বের হয়ে সুনামগঞ্জ ট্রাফিক পয়েন্ট হয়ে পুনরায় জেলা শিল্পকলা একাডেমিতে ফিরে আসে। এসময় উপস্থিত ছিলেন প্রবীণ নাট্য ব্যক্তিত্ব রামেন্দ্র ভট্টাচার্য্য, এডভোকেট মো. শামছুল আবেদীন, সাধারণ সম্পাদক, জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী, উদীচী শিল্পীগোষ্ঠী সুনামগঞ্জ জেলা শাখার সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, সুনামগঞ্জ থিয়েটারের প্রতিষ্ঠাতা সভাপতি হীরেন্দু ভূষণ তালুকদার মনজু, জেলা শিল্পকলা একাডেমির নাটক বিভাগের প্রশিক্ষক গৌতম কর তপন, বন্ধন থিয়েটারের সভাপতি সামির পল্লব, থিয়েটার সুনামগঞ্জ এর দলনেতা দেওয়ান গিয়াস চৌধুরীসহ সুনামগঞ্জ জেলার বিভিন্ন নাট্যদলের নাট্যকর্মীবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিগণ এবং ইলেকট্রনিক ও প্রিন্টমিডিয়ার সাংবাদিকবৃন্দ। পরে সন্ধ্যা ০৭ ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমির হাছনরাজা মিলনায়তনে মঞ্চস্থ নয় জনপ্রিয় নাটক সুনাগরিকের সন্ধানে। নাটকটির নির্দেশনায় ছিলেন পল্লব ভট্টাচার্য্য এবং পরিবেশনায় ছিলে জেলা শিল্পকলা একাডেমির তালিকাভূক্ত নাট্য সংগঠন রঙ্গালয় থিয়েটার। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## জেলা লোক সাংস্কৃতিক উৎসব

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার জেলা লোক সাংস্কৃতিক উৎসব আয়োজন করেন। এ উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমির পুরো ক্যাম্পাস বর্ণিল সাজে সজ্জিত হয়। সন্ধ্যায় আলোচনা অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির নির্বাচিত সাধারণ সম্পাদক এড. মো. শামছুল আবেদীন এর সভাপতিত্বে অংশ গ্রহণ করেন জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব নূরুল হুদা মুকুট, অতিরিক্ত পুলিশ সুপার মো. সুমন মিয়া, সুনামগঞ্জ সরকারি কলেজের সহকারি অধ্যাপক মো. জাকির হোসেন, কবি ও লেখক সুখেন্দু সেন, লোক সংস্কৃতি গবেষক মো. সুবাস উদ্দিন, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক এড. দেবদাস চৌধুরী রঞ্জন এবং দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক খলিল রহমান। আলোচনা অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

আলোচনা অনুষ্ঠানের পর শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের। মেহেদী হাসন এবং শশীর সঞ্চালনায় সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করেন বাউল তছকির আলী, বাউল যোবায়ের বখত সেবুল, বাউল রণেশ ঠাকুর, বাউল শাহজাহান সিরাজ, বাউল হীরামোহন, বাউল জবান আলী, বাউল ফারুক মিয়া, বাউলা সুষেন, বাউল দিলাল উদ্দিন, বাউল বাবুলাল, বাউলা কানু, বাউল পংকজ, বাউল জহির আহমেদ সোহেল, বাউল শিবানী দাস শ্রাবণী, বাউল ফারজানা আক্তার আশা। দলীয় নৃত্য পরিবেশন করে জেলার ৫টি নৃত্য দল- নৃত্যাঙ্গন সুনামগঞ্জ, শতদল শিল্পী গোষ্ঠী, লোকদল শিল্পী গোষ্ঠী, সুন্দরম শিল্পী গোষ্ঠী, আন্তর্জাতিক রাধারমণ পরিষদ শান্তি গঞ্জ। যন্ত্রশিল্পী হিসেবে ছিলেন সুবীর বণিক, উত্তম দাশ, রশিদ উদ্দিন, অমিত বর্মণ, জায়েদ মাহমুদ। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎসব

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ শুক্রবার স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উৎসব আয়োজন করেন। এ উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমির পুরো ক্যাম্পাস বর্ণিল সাজে সজ্জিত হয়। সন্ধ্যায় আলোচনা অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমির নির্বাচিত সাধারণ সম্পাদক এড. মো. শামছুল আবেদীন এর সভাপতিত্বে অংশ গ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আনোয়র উল হালীম, সিনিয়র সহকারি পুলিশ সুপার শুভাশিস, সুনামগঞ্জ সরকারি কলেজের প্রাক্তন অধ্যক্ষ পরিমল কান্তি দে, বীর মুক্তিযোদ্ধা আবু সুফিয়ান, দৈনিক সুনামগঞ্জের খবরের সম্পাদক পংকজ কান্তি দে, যুক্তরাজ্য লীডস আওয়ামীলীগের সভাপতি দিলাউর

রহমান মুজিব, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠী সুনামগঞ্জ জেলা সংসদের সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর আলম। আলোচনা অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

সঙ্গীত পরিবেশন করেন প্রসেনজিৎ দে, সোমা সাহা, দিপায়ন চৌধুরী, আহসান জামিল আনাছ, আলী আফসার সায়েন, শামীম আহমেদ, জেলী দাশ, অমিত বর্মণ, আবুল হাসনাত সুমন, অয়ন চৌধুরী। দলীয় সঙ্গীত পরিবেশন করে সুনামগঞ্জ জেলার তিনটি সাংস্কৃতিক সংগঠন- স্পন্দন, সাংস্কৃতিক সংস্থা, লোকদল শিল্পী গোষ্ঠী, সুনামগঞ্জ কালচারাল ফোরাম। দলীয় নৃত্য পরিবেশন করে পাঁচটি নৃত্য দল- নৃত্যাঙ্গন সুনামগঞ্জ, বাতিঘর সুনামগঞ্জ, শিশু একাডেমি, সুনামগঞ্জ, উপজেলা শিল্পকলা একাডেমি জামালগঞ্জ, সুন্দরম শিল্পী গোষ্ঠী। আবৃত্তি পরিবেশন করেন রবিউল ইসলাম পুলক, পল্লব ভট্টাচার্য্য এবং দেবাশীষ তালুকদার শুভ্র। যন্ত্রিশিল্পী হিসেবে উৎসবে যুক্ত ছিলেন এড. দেবদাস চৌধুরী রঞ্জন, কপিল পদ ঋষি, সন্তোষ কুমার চন্দ, রুম্মান আলতাফ এবং অনুপম প্রতীক। অনুষ্ঠান সমন্বয়ক ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

**স্বাক্ষরিত/-**
০৫.০৪.২০২২ ইং
(আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী)
জেলা কালচারাল অফিসার,
সুনামগঞ্জ
ফোন: ০৮৭১-৬২২৭০
dcosunamganj@gmail.com